

আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কঠস্বর) কোষ্ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রাচীক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দারিদ্র কঠস্বর বাড়াতে কাজ করে।



/radiomeghna99.0



radiomeghna.net

চরফ্যাসনে মালচিং পদ্ধতিতে হলুদ, সবুজ ও কালো তরমুজ চাষ

চরফ্যাসন উপজেলার হালিমাবাদ এলাকার একজন আর্দশ চাষি আক্তার হোসেন মহাজন। দেশের অন্যান্য জায়গায় নতুন জাতের তরমুজের প্রচুর চাইদ্বা থাকায় প্রথমবারের মতো তার খামারে অসময়ে মালচিং পদ্ধতিতে সবুজ, কালো ও হলুদ রঙের বারোমাসি তিনি জাতের তরমুজ উৎপাদিত হচ্ছে।

জানা যায়, সম্প্রতি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় ইউনাইটেড নামের একটি আমদানিকরক প্রতিষ্ঠান থেকে উচ্চ ফলন শীল বারোমাসি তিনি জাতের তরমুজের বীজ সংগ্রহ করেছেন। এরপর প্রদর্শনী এসএসিপি প্রকল্পের আওতায় হাইব্রিড জাতের এই জাতের তরমুজ চাষ করেন। এ জাতের তরমুজ বারোমাস চাষ করা যায়।




বলেন, উপজেলা কৃষি অফিসের পরামর্শে মালচিং পদ্ধতিতে জৈষ্ঠে মাসের মাঝামাঝি সময়ে ৮ শতক জমিতে ১২০ টি ট্রেতে সাড়ে ৩০'শটি তরমুজের চারা রোপণ করেন। রোপণের ৬০ থেকে ৬৫ দিনের মধ্যেই এই জাতের তরমুজ বিক্রয়ের উপযোগী হয়। প্রতিটির তরমুজের ওজন আড়াই থেকে তিনি কেজি হয়ে থাকে বলে জানান তিনি।



আক্তার হোসেন মহাজন

চরফ্যাসনে অসময়ে মালচিং পদ্ধতির সবুজ, কালো ও হলুদ রঙের তরমুজ।

আক্তার হোসেন মহাজন প্রতিষ্ঠানের মালচিং পদ্ধতির সবুজ, কালো ও হলুদ রঙের তরমুজ চাষ করেন। এরপর প্রদর্শনী এসএসিপি প্রকল্পের আওতায় হাইব্রিড জাতের এই জাতের তরমুজ চাষ করেন। এ জাতের তরমুজ বারোমাস চাষ করা যায়।



143 likes, 6 comments, 68 shares, 6k views.

Comments:

- Abdul Hamid: Good job!
- Mu Farhan Matildar: Keep up the good work!
- Imam Hasan Haque: এটা খুব ভালো।
- Mu Shamsur Rahman: Great work!
- Mu Abdurahman: Keep up the good work!
- Mu Suleman Shahid: YOU ARE THE BEST
- Abdullah Khan: Excellent post!
- Suman Khan: Teacher: Excellent post!
- Salma Akter Tania: Radio Meghna coffee beans

রেডিও অনুষ্ঠান “সাজ সজ্জা”

নিজেকে সুন্দর দেখাবে, সুন্দর ভাবে উপস্থাপন করাতে সবাই চায়। নিজেকে সুন্দর বা সুষ্ঠু রাখতে হলে প্রয়োজন ভালো খাবার এবং দামী দামী প্রশাধনী, এমনটাই মনে করেন অনেকে। গ্রামীণ নারীরা সংশারের কাজে ব্যস্ত থেকেই কাটিয়ে দেয় তার জীবন। নিজের যত্ন নেয়া বা নিজের সৌন্দর্য বলতে তারা বোধে দামী পন্যেসমূহী ব্যবহার। নিজের সৌন্দর্য ঢেকে রাখে দারিদ্র্যার চাঁদরে। রেডিও মেঘনায় প্রচারিত হয় সাংস্থানিক অনুষ্ঠান “সাজসজ্জা”। রূপ চর্চা বিষয় বিভিন্ন তথ্য প্রচারিত হয় এই অনুষ্ঠানে। ঘরোয়া উপায় নিজের সৌন্দর্য ধরে রাখতে নিয়মিত “সাজসজ্জা” অনুষ্ঠান শুনেন, শিল্পী (১৬)। অনুষ্ঠানে প্রচার করা পরামর্শ গুলো মেনে চলার চেষ্টা করেন তিনি।

তিনি জানান, রেডিও থেকে শুনে বেশ কয়েক দিন চেষ্টার পরে, মাথার খুসকি, দেখের নিচের কালো দাগ দূর হয়েছে। এছাড়াও হাত-পায়ের যত্ন ও সাজগোজে সর্তকতার বিষয় গুলো মেনে চলার চেষ্টা করেন তিনি।

চর আফজাল ১নং ওয়ার্ডের কিশোরী শিল্পী, পড়াশোনার ফাকেঁ ফাকেঁ সকাল বিকাল রেডিও শোনেন। টাকা খরচ না করে ঘরোয়া উপায় নিজের যত্ন নিতে পেরে ধন্যবাদ জানান রেডিও মেঘনাকে।

রেডিও বিশেষ অনুষ্ঠান

চোখ ওঠা মহামারি আকার ধারন করেছে। ঘরে ঘরে চোখ ওঠা শুরু হওয়ায়, রেডিও মেঘনায় এ বিষয়ে করনীয় সম্পর্কে সংবাদ, পিএসএ ও ম্যাগাজিন অনুষ্ঠান প্রচার করেছিল। সেই অনুষ্ঠানে চোখ ওঠা প্রতিরোধ, প্রতিকারসহ নানা তথ্য প্রচার হয়।

চরফ্যাসন আমিনাবাদ ৩নং ওয়ার্ডের লিমা বেগম (২৩) রেডিও মেঘনার একজন নিয়মিত শ্রোতা। প্রথমে তার পরিবারের শাশ্বত্তির চোখ ওঠে। তখন তিনি কোন রকম সর্তক ছিলেন না। ফলে ঐপরিবারের আরো একজন আক্রস্ত হন। এতে ঝুঁকিতে থাকেন পরিবারের অন্য সদস্যরা। এরই মধ্যে তিনি রেডিওতে “স্বাস্থ্য কথা” অনুষ্ঠানে শোনেন চোখ ওঠা প্রতিরোধে করনীয় বিষয়। তখনই সর্তক হয়ে যান। রেডিও তে প্রচারিত হওয়া পরামর্শ অনুযায়ী চলার চেষ্টা করেন। বিশেষ করে তার ছেট ছেলে-মেয়ের দিকে সজাগ দৃষ্টি রাখেন। ছেলের ব্যবহারের জামা-কাপড়, খেলনা ইত্যাদি তিনি আলাদা করে রাখেন এবং বাহিরের কোনো শিশুদের সাথে খেলা করা থেকে বিরত রাখেন। রেডিও তে প্রচার হওয়া ডাঙ্গারের পরামর্শ অনুযায়ী নিজেসহ পরিবারের সবাই সর্তকছিলেন। এই উপকারের জন্য ধন্যবাদ জানান রেডিও মেঘনাকে।



শ্রোতা মতামত



- ‘ঘূর্ণিবাড় সিরাট’ প্রতি ১৫ মিনিট অন্তর অন্তর রেডিওতে আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি শুনেছেন। তখন আবহাওয়ার বার্তা জানার একমাত্র মাধ্যম হিসেবে রেডিও মেঘনার প্রচারান্য শ্রোতারা খুই উপকৃত হয়েছে।
- ফ্রিজে কি কি খাবার রাখতে হবে আর কতখন রাখতে হবে এ বিষয় জেনে উপকৃত হয়েছে।
- ‘মানুষ কেন স্বপ্ন দেখে’ এ বিষয় বর্ণলী অনুষ্ঠান শুনে অনেক অজানা বিষয় জেনেছেন।
- চোখ ওঠালে করনীয় কি, সেবিষয় জেনে সর্তক হয়েছেন।



যোগাযোগ:

উমে নিশি, সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা। ফোন: ০১৭০৮ ১২০৩৯০
ই-মেইল: nishi.meghna@coastbd.net কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।